গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃঙ্খলা -৩ শাখা
www.moha.gov.bd

স্মারক নম্বর-৪৪.০০.০০০০.২৩৬.২৭.০০৫.২৫- ১২৭

তারিখঃ ২০ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৫ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ গোলাম সাকলাইন, ডেপুটি জেলার, যশোর কেন্দ্রীয় কারাগার এর বিরুদ্ধে কারাবিধি ১ম খন্ডের ১৮০, ১৯২, ১৯৩, ৫৭৭, ৬৬৬ এবং ৬৭১ বিধি লঙ্ঘনের দায়ে একই বিধির ১৯৪(৮) ধারা অনুযায়ী "বার্ষিক বেতন বৃদ্ধি ০৩(তিন) বছরের জন্য স্থগিত" সূচক লঘুদন্ড প্রদান করা হয়। অভিযুক্ত কর্মকর্তা তার ওপর আরোপিত দন্ডাদেশ মওকুফের নিমিত্ত সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর আপিল দায়ের করেন;

০২। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, আপিলকারীর আপিল আবেদনের প্রেক্ষিতে রাষ্ট্রপক্ষের দফাওয়ারী জবাব এবং প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় তার ওপর আরোপিত দন্ড যথার্থ ও ন্যায়ানুগ হয়েছে মর্মে প্রতীয়মান হয়; এবং

০৩। সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ গোলাম সাকলাইন, ডেপুটি জেলার, যশোর কেন্দ্রীয় কারাগার এর আপিল আবেদন না-মঞ্জুরপূর্বক কারা অধিদপ্তর কর্তৃক ০৬-০৩-২০২৫ তারিখে ৫৮.০৪.০০০০.০২৮.০৬.০০১.২৪-১৯২ নং স্মারকমূলে প্রদত্ত তার "বার্ষিক বেতন বৃদ্ধি ০৩(তিন) বছরের জন্য স্থগিত" সূচক দন্ডাদেশ বহাল রাখা হলো।

৫/১১/২৫
নাসিমুল গনি
সিনিয়র সচিব

স্মারক নম্বর-৪৪.০০.০০০০.২৩৬.২৭.০০৫.২৫- ১২৭/১(১২)

তারিখঃ ২০ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৫ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর ঢাকা
২। অতিরিক্ত সচিব (শৃঙ্খলা অনুবিভাগ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
৪। উপসচিব, কারা-১ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৭। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৮। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৯। জনাব মোঃ গোলাম সাকলাইন, ডেপুটি জেলার, যশোর কেন্দ্রীয় কারাগার
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, যশোর জেলা
১১। যুগ্মসচিব সচিব (আইন ও শৃঙ্খলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
১২। অফিস কপি।

০৫-১১-২০২৫
মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার
উপসচিব